# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি হারামে বিদ‘আতের প্রবর্তন করে অথবা কোন মুসলিমের পক্ষ থেকে নিরাপত্তাপ্রাপ্ত কোন ব্যক্তির সাথে ঘাতকতা করে, তার প্রতি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অভিসম্পাত করা প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ لَعْنِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم مَنْ أَحْدَثَ فِي حَرَمِه حَدَثًا أَوْ أَخْفَرَ مسلماً ذمته

---

আরবী

3708 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ القطان بالرقة قال: حدثنا حكيم بن سيف الرَّقِّيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ عَلِيًّا يَقُولُ: مَا عِنْدَنَا كِتَابٌ نَقْرَؤُهُ إِلَّا كِتَابَ اللَّهِ وَصَحِيفَةً فِي قِرَابِ سَيْفِي فَقَرَأَهَا عَلَيْنَا فَإِذَا فِيهَا شَيْءٌ مِنْ أَسْنَانِ الْإِبِلِ وَالْجِرَاحَاتِ وَإِذَا فِيهَا: (مَنْ وَالَى قَوْمًا بِغَيْرِ إِذْنِ مَوَالِيهِ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَمَلَائِكَتِهِ وَالنَّاسِ أَجْمَعِينَ لَا يَقْبَلُ اللَّهُ مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ صَرْفًا وَلَا عَدْلًا ذِمَّةُ الْمُسْلِمِينَ وَاحِدَةٌ يَسْعَى بِهَا أَدْنَاهُمْ فَمَنْ أَخْفَرَ مُسْلِمًا فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ وَلَا يُقبل مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ صَرْفٌ وَلَا عَدْلٌ وَالْمَدِينَةُ حَرَامٌ مَا بَيْنَ لَابَتَيْهَا فَمَنْ أَحْدَثَ فِيهَا حَدَثًا أَوْ آوَى مُحْدِثاً فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ لَا يُقبل مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ صرف ولا عدل)

الراوي : إِبْرَاهِيم التَّيْمِيّ عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3708 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1773): ق.

বাংলা

৩৭০৮. ইবরাহিম আত তাইমী তার বাবা থেকে বর্ণনা করেন, তার বাবা বলেন, “আমি আলী রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “আমাদের কাছে পড়ার মতো কোন কিতাব নেই, তবে আল্লাহর কিতাব ও আমার

তরবারীর খাপের মধ্যে যে পুস্তিকা রয়েছে, সেটা ছাড়া।”

রাবী বলেন, “অতঃপর তিনি সেটা আমাদেরকে পড়ে শুনান। অতঃপর আমরা দেখতে পাই সেখানে উটের বিভিন্ন বয়স (যেগুলো যাকাত বা রক্তপণ হিসেবে দেওয়া হবে) ও বিভিন্ন আহতের রক্তমুল্য সম্পর্কিত বিধান রয়েছে।” সেখানে আরো আছে, “যে ব্যক্তি তার মুনীবের অনুমতি ব্যতীত কোন কওমকে বন্ধু হিসেবে গ্রহণ করবে, তবে তার উপর আল্লাহ, তাঁর ফেরেস্তাগণ ও সমস্ত মানুষের লা‘নত। মহান আল্লাহ কিয়ামতের দিন তার নফল-ফরয কোন ইবাদত গ্রহণ করবেন না। সমস্ত মুসলিমের নিরাপত্তা বিধান এক। (কোন মুসলিম কর্তৃক কাউকে নিরাপত্তা প্রদান করা হলে, সেটা সবার পক্ষ থেকে নিরাপত্তা দেওয়ার শামিল। কাজেই সেটাকে সম্মান দেখানো সবার জন্য জরুরী), সেটা তাদের মধ্যে সবচেয়ে নিম্নস্তরের ব্যক্তিও পালনে সচেষ্ট হবে। কাজেই যে ব্যক্তি কোন মুসলিমের (নিরাপত্তা বিধানের) সাথে বিশ্বাস ঘাতকতা করবে, তবে তার উপর আল্লাহ, তাঁর ফেরেস্তাগণ ও সমস্ত মানুষের লা‘নত। মহান আল্লাহ কিয়ামতের দিন তার নফল-ফরয কোন ইবাদত গ্রহণ করবেন না। মদীনার দুই পাহাড়ের মধ্যবর্তী জায়গা হারাম। কাজেই যে ব্যক্তি তাতে কোন বিদ‘আত সৃষ্টি করবে, অথবা কোন বিদ‘আতীতে আশ্রয় দিবে, তবে তার উপর আল্লাহ, তাঁর ফেরেস্তাগণ ও সমস্ত মানুষের লা‘নত। মহান আল্লাহ কিয়ামতের দিন তার নফল-ফরয কোন ইবাদত গ্রহণ করবেন না।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৩১৭২, ৬৭৫৫; সহীহ মুসলিম: ১৩৭০; তিরমিযী: ২১২৭; আবূ ইয়ালা: ২৬৩; মুসনাদ আহমাদ: ১/১৫১; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৭/৩৫০; হুমাইদী: ৪০; ইবনু মাজাহ: ২৬৫৮; নাসাঈ: ৮/২৩; ইবনুল জারুদ: ৭৯৪; সুনান বাইহাকী: ৮/২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইব্রাহীম তাইমী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন